

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-১৬৬-আইন/২০১৮/৭৮৯-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ২৭ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৫)কোনো রপ্তানিকারক রপ্তানিতব্য পণ্যের পরীক্ষা রপ্তানি বন্দরে সম্পন্ন করাইতে চাহিলে তিনি পণ্য চালানটি উপ-বিধি (১) মোতাবেক প্রস্তুত করিয়া উপ-বিধি (২) এ বর্ণিত আবেদনপত্রের চারটি অনুলিপি এবং চালানপত্রের মূল ও দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিবেন। স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় আবেদনপত্রের মূল, দ্বিতীয় ও তৃতীয় অনুলিপি ও চালানপত্রের মূল অনুলিপি রপ্তানিকারকের নিকট ফেরত প্রদানপূর্বক আবেদনপত্রের চতুর্থ অনুলিপি ও চালানপত্রের দ্বিতীয় অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে সংরক্ষণ করিবেন। অতঃপর, অনতিবিলম্বে রপ্তানিকারক রপ্তানিতব্য পণ্য বন্দরে প্রেরণ করিবেন। চালানপত্রে পণ্য পরীক্ষা সংক্রান্ত কোন নির্দেশনা না থাকিলে সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা পণ্য চালানটি বন্দরে যথাযথভাবে পরীক্ষার পর রপ্তানির জন্য অনুমতি প্রদান করিবেন।”

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)  
চেয়ারম্যান